BSAA MLO/FDR. Circular No. 09 /2023 Dt 27-03-2023

CHAIRMAN.....................
SR. VICE-CHAIRMAN.....................

# চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
পরিচালক (ট্রাফিক) এর দপ্তর

বিজ্ঞপ্তি নং- ০৩/২০২৩ তারিখ- ২৩-০৩-২০২৩ইং।

বিষয়ঃ- পোশাক শিল্পের রপ্তানীবাহী কন্টেইনারের ক্ষেত্রে জাহাজের কাট-অফ-টাইম/গেইট-ইন-টাইম শিথিলকরণ অব্যাহত রাখা প্রসঙ্গে।

সূত্রঃ- বিজিএমইএ এর পত্র নং-বিজিএমইএ/চট্ট/পোর্ট/২০২৩/৩৮৪, তারিখ- ১৪ মার্চ, ২০২৩ইং।

১। বন্দরের Container Manual অনুযায়ী রপ্তানী পণ্যের ক্ষেত্রে জাহাজের Cut off Time নিম্নরূপ নির্ধারিত আছে ঃ

দিনের জোয়ারে জাহাজ আগমনের দিন সকাল ৭.৩০ ঘটিকা।
রাতের জোয়ারে জাহাজ আগমনের দিন রাত ২০.০০ ঘটিকা।

বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোটার্স এসোসিয়েশন (বিজিএমইএ) এর সূত্রোক্ত আবেদনের প্রেক্ষিতে উক্ত Cut off Time/Gate in Time শুধুমাত্র পোশাক শিল্পের রপ্তানী পণ্যবাহী কন্টেইনারের জন্য ২৪ ঘন্টা বৃদ্ধি করে তা নিম্নমতে নির্ধারণ করা গেল ঃ

দিনের জোয়ারে জাহাজ আগমনের দিন সকাল ৭.৩০ ঘটিকা এর পরিবর্তে পরের দিন সকাল ৭.৩০ ঘটিকা।
রাতের জোয়ারে জাহাজ আগমনের রাত ২০.০০ ঘটিকা এর পরিবর্তে পরের রাত ২০.০০ ঘটিকা।

২। নির্ধারিত সময়ের মধ্যে স্টাফিংকৃত কন্টেইনারের জন্য প্রয়োজনীয় ডকুমেন্টেশন কার্যক্রম ও অনুমতি গ্রহণের জন্য দিনের জোয়ারে জাহাজ আগমনের ক্ষেত্রে পরের দিন সকাল ৭.৩০ ঘটিকা হতে আরো ৬ $\frac{1}{2}$ ঘন্টা (বেলা ১৪.০০ ঘটিকা পর্যন্ত) এবং রাতের জোয়ারে জাহাজ আগমনের ক্ষেত্রে পরের রাত ২০.০০ ঘটিকা থেকে আরো ০৪ ঘন্টা (রাত ২৪.০০ টা পর্যন্ত) সময় দেয়া হবে। অতএব, কাট অফ টাইম এর সময়সীমা শেষ হবার পূর্বেই কন্টেইনার স্টাফিং এর কাজ সম্পন্ন হবার সুবিধার্থে মালামাল অগ্রিম স্টাফিং পয়েন্টে পৌঁছানোসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা যাচ্ছে। আরো উল্লেখ্য যে, যথাসময়ে জাহাজ Sailing করার জন্য নির্ধারিত জাহাজ Sailing এর ০৩ ঘন্টা পূর্বে চট্টগ্রাম বন্দরে কন্টেইনার গেইট ইন টাইম বা প্রবেশ সময়সীমা শেষ হয়ে যাবে। এই বিষয়ে বিকডা/অফডকসমূহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।

এই আদেশ ৩১-০৩-২০২৩ইং হতে ৩০-০৯-২০২৩ইং পর্যন্ত বলবৎ থাকবে।

ইহা যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারী করা গেল।

BSAA 157
Received
Dated 27-03-23
Signature

স্বাক্ষরিত/-
পরিচালক (ট্রাফিক)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ।

নথি নং-ডিটি/শিপ/বিজিএমইএ/কাট-অফ-টাইম/২০১৫(অংশ-২)/১৬৪৫ তারিখ- ২৩-০৩-২০২৩ইং।

অনুলিপি ঃ-

১। ম্যানেজিং ডাইরেক্টর, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, সল্টগোলা, চট্টগ্রাম এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
২। সকল সদস্য, চবক মহোদয়ের সদয় অবগতির জন্য দেয়া গেল।
৩। কমিশনার অব কাস্টমস্, কাস্টম হাউস, চট্টগ্রাম এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
৪। পি এ টু চেয়ারম্যান, চবক - চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য দেয়া গেল।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দেয়া গেল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

৫। পরিচালক (নিরাপত্তা), চবক।
৬। উপ-সংরক্ষক, চবক।
৭। চীফ অপারেটিং সুপারিনটেনডেন্ট (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে, সিআরবি, চট্টগ্রাম।
৮। হারবার মাষ্টার, চবক।
৯। টার্মিনাল ম্যানেজার, চবক।
১০। ডেপুটি ট্রাফিক ম্যানেজার, আইসিডি, কমলাপুর, ঢাকা।
১১। ডেপুটি ট্রাফিক ম্যানেজার (অপাঃ), চবক।
১২। সিস্টেমস্ এনালিষ্ট, চবক - চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের ওয়েব সাইটে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।
১৩। সকল সহকারী ট্রাফিক ম্যানেজার/সহকারী টার্মিনাল ম্যানেজার, চবক।
১৪। সকল ট্রাফিক অফিসার/টার্মিনাল অফিসার, চবক।
১৫। টিআই/সকল ইউনিট, ওয়ান স্টপ সার্ভিস সেন্টার, এম শেড, চবক।

ক্রমশঃ পৃষ্ঠা-২